মালদা কলেজ

(গভ: এডেড)

ন্যাক মূল্যায়িত ও গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় অনুমোদিত

স্থাপিত : ১৯৪৪ খ্রিষ্টাব্দ

২০১৮–২০১৯ শিক্ষাবর্ষে ভর্তির জন্য বিশদ তথ্য

ঠিকানা : রবীন্দ্র এভিন্যু
ডাকঘর ও জেলা : মালদা, পশ্চিমবঙ্গ, ভারত
পিন নং : ৭৩২১০১
ফোন নং : (০৩৫১২) ২২০৬০৮/২৫৩৭০৫
ফ্যাক্স নং :০৩৫১২–২২০৫১৬
website : www.maldacollege.ac.in
e-mail : maldacollege@yahoo.co.in/
maldacollege1944@gmail.com/
maldacollegeadmission@gmail.com

অধ্যক্ষ / ভারপ্রাপ্ত অধ্যক্ষের কলমে:

মালদা জেলা তথা উত্তরবঙ্গের অন্যতম বৃহত্তম কলেজ মালদা কলেজ। এই কলেজ প্রথাগত শিক্ষার ক্ষেত্রে একটি ঐতিহ্যশালী ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বর্তমানেও উচ্চশিক্ষায় এই প্রতিষ্ঠান তার ছাত্রছাত্রী, প্রাক্তনী ও সুযোগ সুবিধার ক্ষেত্রে সমমান ও সুনাম বজায় রাখার চেষ্টা করে চলেছে। বিশ্বায়নের সময়কালে ভবিষ্যৎমুখী ও বৃত্তিমূলক শিক্ষার প্রতি শিক্ষার্থীদের মনোযোগী করে তুলতে আমাদের অধ্যাপক অধ্যাপিকাবৃন্দ সদা সচেষ্ট।

২৩ জুলাই, ১৯৪৪ খ্রি: প্রতিষ্ঠিত হয় এই কলেজ। জেলার সর্ববৃহৎ ও পশ্চিমবঙ্গের বৃহত্তম শিক্ষাকেন্দ্রগুলির মধ্যে অন্যতম এই কলেজ ইতিমধ্যে গৌরবময় ৭৩ বছর পূর্ণ করে ফেলেছে। এখানে কলা –বিজ্ঞান –বাণিজ্য মিলে উনিশটি বিষয়ে সাম্মানিক (অনার্স) ও সাধারণ (পাসকোর্স) বিভাগে পাঠদান করা হয়। এছাড়া ইংরেজি, ইতিহাস ও বাংলা বিষয়ে স্নাতকোত্তর (এম.এ) ও বি.সি.এ পড়ানো হয়। এগুলির মধ্যে স্নাতকোত্তর, বি.সি.এ ও কম্পিউটার সায়েন্স অনার্স সেল্‌ফ ফিনান্স কোর্স।

আমাদের লক্ষ্য শিক্ষার্থীদের উন্নততর শিক্ষার সাথে সাথে ভালো মানুষ, সামাজিক কর্তব্য সম্পাদনে দক্ষ , ধর্মনিরপেক্ষতা ও জাতীয় সংহতি বজায় রাখা এবং তাদের নৈতিক, মানসিক, দৈহিক সুস্বাস্থ্যের অধিকারী করে সমাজের মূলস্রোতের সাথে মিলিয়ে দেওয়া। আমাদের উদ্দেশ্য শিক্ষার্থীদের 'কোয়ালিটি এডুকেশনের' দ্বারা মানোন্নয়ন করা তাদের ভেতরে সুপ্ত থাকা প্রতিভার বিকাশ ঘটানো। ২০১৫ সালে কলেজ নাকের (গঅঅই) মূল্যায়নে 'বি' গ্রেড পেয়েছে। আমরা কলেজের সার্বিক অগ্রগতির জন্য ছাত্রছাত্রী, শিক্ষক – শিক্ষাবিদ, প্রাক্তনী, অভিভাবক ও যেকোনো স্তরের শিক্ষানুরাগী ব্যক্তির সুপরামর্শ ও সহৃদয় সহযোগিতা কামনা করছি।

আমাদের প্রত্যাশা এই কলেজ শিক্ষার্থীদের সঠিক পথ প্রদর্শক হতে পারবে। স্বপ্নকে সফল করে যাতে আমরা ভবিষ্যতের দিশারী হতে পারি তার জন্য সকলকে মালদা কলেজে সু–স্বাগতম।

অধ্যাপক প্রভাস চৌধুরী
ভারপ্রাপ্ত অধ্যক্ষ
মালদা কলেজ, মালদা

COURSES OF STUDY

UNDER GRADUATE (Honours)					
B.Sc.		**B.A.**		**B.Com.**	
Honours	*General Combination*	*Honours*	*General Combination*	*Honours*	*General Combination*
Chemistry	Physics, Mathematics	**Arabic**	Any *Two* Subjects from the Following Groups taking Only *One* from Each Group Excluding the Subject of Honours: **Group A**: Arabic/English/Sanskrit/Bengali **Group B**: Economics/Education/Sociology **Group C**: History/Political Science **Group D:** Geography/ Philosophy	**Accounting**	All subjects from Commerce are compulsory
Physics	Chemistry, Mathematics	**Bengali**			
Mathematics	Chemistry, Physics	**Economics**			
Zoology	Botany, Chemistry	**Education**			
Botany	Zoology, Chemistry	**English**			
Computer Science(Self Finance)	Mathematics, Physics	**Geography**			
Economics	Mathematics and any one from any group.	**History**			
		Philosophy			
		Political Science			
		Sanskrit			
		Sociology			

UNDER GRADUATE (General)			
B.Sc.		**B.A.**	**B.Com.**
Pure Science	*Bio Science*	*General Combination*	*General Combination*
Physics, Chemistry, Mathematics	**Zoology, Botany, Chemistry,**	**Any *Three* Subjects from the Following Groups taking Only *One* from Each Group:** **Group A:Arabic/English/Sanskrit/Bengali** **Group B: Economics/Education/Sociology** **Group C: History/Political Science** **Group D: Geography/ Philosophy**	The students will have to study three papers as prescribed by University of GourBanga.

SEAT ALLOTMENT FOR HONOURS SUBJECTS

Subject	General	OBC-A	OBC-B	SC	ST	Physically Challenged	Total
Arabic	26	05	03	11	03	01	49
Bengali	64	12	08	26	07	01	118
Economics*							
Education	16	03	02	07	02	00	30
English	64	12	08	26	07	01	118
Geography	16	03	02	06	02	00	29
History	64	12	08	26	07	01	118
Philosophy	64	12	08	26	07	01	118
Political Science	64	12	08	26	07	01	118
Sanskrit	64	12	08	26	07	01	118
Sociology	16	03	02	07	02	00	30
Chemistry	16	03	02	06	02	00	29
Physics	16	03	02	06	02	00	29
Mathematics	64	12	08	26	07	01	118
Zoology	14	03	02	06	02	00	27
Botany	14	03	02	06	02	00	27
Computer Sc. (Self-Finance)	20	04	03	08	02		37
Accounting*							
BCA (Self-Finance)	31	04	03	08	02	01	49

*আসন সংখ্যা পরে জানানো হবে।

SEAT ALLOTMENT FOR GENERAL (PASS COURSE) SUBJECTS

Subject	*General*	*OBC-A*	*OBC-B*	*SC*	*ST*	*Physically Challenged*	Total
B.A.	699	130	91	285	78	14	1297
B.COM	71	13	09	29	08	01	131
B.Sc. (Pure)	19	04	02	08	02	00	35
B.Sc. (Bio)	19	04	02	08	02	00	35
Geography*	26	05	04	11	03	01	50

*On the basis of Application Geography (Pass Course) will be offered only to the students enrolled with B.A. pass course.

Total Marks Distribution for the Students at Honours and Pass Level Courses

	UNDER GRADUATE (Honours)				**UNDER GRADUATE (General)**		
	Honours Subjects	*General (Pass) Subjects*	*Compulsory*	*Total*	*General (Pass) Subjects*	*Compulsory*	*Total*
1st Year	200	300 (150x2)	50	**550**	450 (150x3)	50	**500**
2nd Year	200	300 (150x2)	50	**550**	450 (150x3)	50	**500**
3rd Year	400		50	**450**	300 (100x3)	50	**350**
				1550			**1350**

ADMISSION FEE FOR DIFFERENT COURSES*

Serial No	Course Full Name	Admission Fees (Rs)
1	B.A (General)	2010 (3210 only for Geography as pass)
2	B.A. (Hons) Arabic	2160
3	B.A.(Hons) Bengali	2160
4	B.A. (Hons) Economics	2160
5	B.A. (Hons) Education	2160
6	B.A. (Hons) English	2160
7	B.A. (Hons) Geography	3360
8	B.A. (Hons) History	2160
9	B.A. (Hons) Philosophy	2160
10	B.A. (Hons) Political Science	2160
11	B.A. (Hons) Sanskrit	2160
12	B.A. (Hons) Sociology	2160
13	B.COM. (General)	2070
14	B.COM. (Hons)	2220
15	B.Sc. (General) Bio	3420
16	B.Sc. (General) Pure	3420
17	B.Sc. (Hons) Botany	3570
18	B.Sc. (Hons) Chemistry	3570
19	B.Sc. (Hons) Computer Science	15000
20	B.Sc. (Hons) Economics	2160
21	B.Sc. (Hons) Mathematics	3570
22	B.Sc. (Hons) Physics	3570
23	B.Sc. (Hons) Zoology	3570
27	BCA	25000

* বি. দ্র. : ভর্তি ফি অল্প বিস্তর পরিবর্তিত হতে পারে।

Admission Fee Breakup

The Rates are subject to Change as per Govt. Rules.	BA		BCom		BSc	
	Honours	**General**	**Honours**	**General**	**Honours**	**General**
	(in Rs)	(in Rs)	(in Rs)	(in Rs)	(in Rs)	(in Rs)
Tuition fee (for first six months)*	450	300	510	360	660	510
Development Fee	250	250	250	250	250	250
Admission Fee	150	150	150	150	150	150
Library Caution Fee	200	200	200	200	200	200
Library Subscription Deposit	200	200	200	200	200	200
Lab. Caution deposit	0 (200 Only for Geography)	0 (200 Only for Geography)	0	0	200	200
Lab. Subscription Fee	0 (1000 Only for Geography)	0 (1000 Only for Geography)	0	0	1000	1000
College Exam. Fee	50	50	50	50	50	50
Identity Card Fee	30	30	30	30	30	30
Athletic fee	30	30	30	30	30	30
Magazine fee	30	30	30	30	30	30
Common Room fee	30	30	30	30	30	30
Union Fee	50	50	50	50	50	50
Union Election Fee	20	20	20	20	20	20
Charity Fund Fee	30	30	30	30	30	30
Festival fee	60	60	60	60	60	60
Exhibition Fee	20	20	20	20	20	20
University Registration Fee (Only First Year)	200	200	200	200	200	200
Health Home Fee	10	10	10	10	10	10
University Sports fee	20	20	20	20	20	20
Electricity fee	100	100	100	100	100	100
Building Fee	150	150	150	150	150	150
Platinum Jubilee Fee	50	50	50	50	50	50
Adopted Village Development fee	10	10	10	10	10	10
Gymnasium Maintenance Fee	20	20	20	20	20	20
Total	2160 (3360 only for Geography)	2010 (3210 only for Geography)	2220	2070	3570	3420

ভর্তি বিষয়ে গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় প্রদত্ত যোগ্যতা ও নিয়মাবলী :

১।উচ্চ মাধ্যমিক বা সমতুল (১০+২) পরীক্ষায় ইংরেজি সহ মোট ৫টি বিষয়ে অবশ্যই পাস করতে হবে।

২।ভর্তির ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত সর্বোৎকৃষ্ট ৫টি বিষয়ের নম্বর বিচার্য হবে। তার মধ্যে একটি অবশ্যই ইংরেজি।

৩। আগের দুটি শিক্ষাবর্ষে অর্থাৎ ২০১৬ ও ২০১৭ সালে পাস করলেও ভর্তির সুযোগ থাকবে। সেক্ষেত্রে -

ক) মেরিট পয়েন্ট থেকে ৫% বাদ যাবে ২০১৭ সালে পাসের জন্য।

খ) ২০১৬ সালে পাসের জন্য মেরিট পয়েন্ট থেকে আরো ১০% নম্বর বাদ যাবে।

৪। অনার্সে ভর্তির আবেদনের জন্যউচ্চ মাধ্যমিক বা সমতুল (১০+২)পরীক্ষায় ন্যূনতম গড় ৪৫% অথবা গড় ৪০% ও যে বিষয়ে অনার্স নিতে ইচ্ছুক সেই বিষয়ে ৫০% নম্বর থাকতে হবে। অন্যথায় আবেদন করলেও আবেদন বাতিল বলে গণ্য হবে। তপশিলী জাতি ও তপশিলী উপজাতির প্রার্থীরা নিয়মানুসারে ৫% ছাড় পাবে।

৫। কম্পিউটার সায়েন্স অনার্সের জন্য আবেদনের সময় বিষয়ের নম্বরের ক্ষেত্রে গণিতের নম্বর ও ইংরেজি সহ সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত পাঁচটি বিষয়ের নম্বর দিতে হবে। এবং আবেদনকারীর উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় গণিত ও পদার্থবিদ্যায় পাস করা আবশ্যিক।

৬। বিসিএ তে ভর্তির ক্ষেত্রে আবেদনকারীকে গণিত/ কম্পিউটার অ্যাপলিকেশন / কম্পিউটার সায়েন্সে ন্যূনতম পাস নম্বর পেতে হবে।

৭। অনার্সের মেধা তালিকা প্রস্তুত হবে নিম্নোক্ত পদ্ধতিতে -:

$$\frac{\text{যে বিষয়ে অনার্স নিতে ইচ্ছুক তার নম্বর+সর্বোৎকৃষ্ট ৫টি বিষয়ের নম্বর (ইংরেজি সহ)}}{৬}$$

৬।যে বিষয়ে অনার্স নিতে ইচ্ছুক উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় তা না থাকলে বিষয়ের নম্বর শূন্য (০)# বসিয়ে হিসাব করতে হবে। অর্থাৎ

$$\frac{\text{বিষয়ের নম্বর শূন্য (০) + সর্বোৎকৃষ্ট ৫টি বিষয়ের নম্বর (ইংরেজি সহ)}}{৬}$$

অবেদনকারী যে বিষয়ে অনার্স নিতে ইচ্ছুক উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় তা না থাকলে বিষয়ের নম্বর হিসেবে নিচের তালিকা অনুযায়ী নম্বর যোগ করা যাবে :
ক) কম্পিউটার সায়েন্স অনার্সের জন্য - গণিতের নম্বর
খ) অর্থনীতির ক্ষেত্রে - গণিত / বিজনেস ইকোনোমিক্স / বিজনেস ম্যাথমেটিক্সের নম্বর
গ) অ্যাকাউন্টিং এর ক্ষেত্রে - অ্যাকাউন্টিং এর নম্বর
ঘ) উদ্ভিদবিদ্যা ও প্রাণীবিদ্যার ক্ষেত্রে - বায়োলজি / লাইফ সায়েন্সের নম্বর

৭।জেনারেল বা পাসকোর্সের মেধকতালিকা প্রস্তুত হবে সর্বোৎকৃষ্ট ৫টি বিষয়ের নম্বরের (ইংরেজি সহ) যোগফলের গড় করে।

৮। পশ্চিমবঙ্গ সরকারের বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্র থেকে বৃত্তিমূলক (ভোকেশনাল) কোর্স পাস করলেকেবলমাত্র বি.এ / বি.কম পাসকোর্সে ভর্তি হওয়া যাবে। তবে প্রতিক্ষেত্রে ইংরেজি বিষয়টি থাকতে হবে ও তাতে পাস আবশ্যিক।

৯। কেবলমাত্র বিভিন্ন রাজ্য বা কেন্দ্রীয় বোর্ডের ছাত্র ছাত্রীরা উচ্চ মাধ্যমিক বা সমতুল (১০+২) পরীক্ষায় পাস করলে অনার্স কোর্সে ভর্তির সুযোগ পাবে।

১০। পশ্চিমবঙ্গ ছাড়া অন্য বোর্ডের ক্ষেত্রে ভর্তির সময় মাইগ্রেশন সার্টিফিকেট জমা দিতে হবে।

১১। মুক্ত বিদ্যালয় (ওপেন স্কুল) বা দূর শিক্ষার (ডিসট্যান্স এডুকেশন) মাধ্যমে পাস করলে জেনারেল (পাস)কোর্স , অনার্স কোর্স কোনো ক্ষেত্রেই আবেদন করা যাবে না।

১২।মেধা তালিকা থেকে ই-কাউন্সেলিং এর মাধ্যমে অনার্স ও জেনারেল (পাস) কোর্সে ভর্তি নেওয়া হবে।

১৩। কেবলমাত্র জম্মু ও কাশ্মীর বোর্ডের ছাত্রছাত্রীরা আবেদন করলে তাদের ভর্তির ক্ষেত্রে প্রতিটি বিষয়ে অতিরিক্ত দুটি আসন সংযোজিত হবে।

গুরুত্বপূর্ণ নির্দেশিকা:

১। আবেদনপত্র পূর্ণ করতে হবে অনলাইনে। কোনোরকম অফলাইন ব্যবস্থা নেই। ভর্তি সংক্রান্ত যে কোনো রকম যোগাযোগ ই-মেল দ্বারা করতে হবে। মেল আই ডি হল : maldacollegeadmission@gmail.com। অন্য কোনো মেল আই ডি-তে মেল পাঠালে তা গৃহীত হবে না ।

অনার্স কোর্স ও জেনারেল (পাস) কোর্সে ফর্ম ফিলাপ একসাথে শুরু হবে। অনার্স কোর্স-এ আবেদন করা ছাত্রছাত্রীরা জেনারেল (পাস) কোর্সে ভর্তির জন্য আবেদন না করলে ভর্তির সুযোগ পাবে না।

২। ছাত্রছাত্রীদের নিজস্ব ব্যবহার যোগ্য মোবাইল নম্বর ও ই-মেল আইডি থাকা আবশ্যিক। ভর্তি প্রক্রিয়ার ক্ষেত্রে একজন কেবলমাত্র একটি মোবাইল নম্বর ও একটি ই-মেল আই ডি ব্যবহার করতে পারবে। একটি মোবাইল নম্বর ও একটি ই-মেল আই ডি থেকে একাধিক রেজিস্ট্রেশন করা যাবে না।

*** ফর্ম ফিলাপ শুরু করার আগে নিজের এখনকার পাসপোর্ট সাইজ ছবি (৫০ কে.বি.-র মধ্যে) ও সই (৩০ কে. বি.-র মধ্যে) স্ক্যান করে ঠিক (Ready) করে রাখতে হবে যা ফর্ম ফিলাপের সময় লাগবে।

৩। অনলাইন আবেদনের ক্ষেত্রে প্রথমে মালদা কলেজ ওয়েবসাইট (www.maldacollege.ac.in) খুলতে হবে। এরপর নিচের ক্রম অনুসরণ করতে হবে:

ক) অনলাইন আবেদনপত্রের জন্য ‘Admission’ ট্যাবে ক্লিক করতে হবে।

খ) এরপর ‘Instruction page’ খুলে যাবে। এই ‘Instruction page’ এর নিয়মাবলীর সাথে সহমত বা ‘agree ’ হতে হবে।

গ) এখন ‘Sign up’ পাতা খুলে যাবে। এখানে প্রয়োজনীয় তথ্য দেবার সাথে সাথে নিজের Mobile No. ও Email ID দিতে হবে। রেজিস্ট্রেশনের জন্য নিজের Mobile No. ও Email ID ব্যবহার করা আবশ্যক। প্রয়োজনে নিজের Email ID তৈরি করে নিতে হবে।

ঘ) এবার অ্যাকোনলেজমেন্টের চেকবক্স-এ ক্লিক করে পরের ধাপে যেতে হবে।

ঙ) প্রয়োজনীয় তথ্যসমূহ SUBMIT করার পর রেজিস্টার্ড মোবাইল নম্বর ও ই-মেল আই ডি - তে OTP আসবে। রেজিস্ট্রেশনের জন্য দুটি OTP লাগবে।

চ) ‘Sign up’ সফল হবার পর মোবাইল নম্বর ও ই-মেল আই ডি - তে একটি SMS আসবে। যেখানে উল্লেখ থাকবে Registration Number (যেমন **REG 00001**) .

ছ) ভর্তি প্রক্রিয়া যতক্ষণ পর্যন্ত শেষ না হচ্ছে ততক্ষণ এই Registration Number সংরক্ষণ করতে হবে। ভর্তি প্রক্রিয়ার প্রতিটি ক্ষেত্রে এই নম্বর প্রয়োজন হবে।

জ) এরপর এই Registration Number দিয়ে Log in করতে হবে ও নিজের মত করে Password তৈরি করতে হবে। **এবং ভর্তি প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত পাসওয়ার্ডটি (Password) সংরক্ষণ করতে হবে।**

ঝ) Log in করার পর আবেদন পত্রের প্রয়োজনীয় তথ্য পূরণ করতে হবে, পূরণ করা তথ্য SUBMIT হবার পর কোনো ভুল থাকলে তা Edit করা যাবে না। ভুল থাকলে আবেদন পত্র বাতিল বলে গন্য হবে।

ঞ) এর পর নিজের এখনকার পাসপোর্ট সাইজ ছবি (৫০ কে.বি.-র মধ্যে) ও সই (৩০ কে. বি.-র মধ্যে) স্ক্যান করে দিতে হবে।

ট) নিজের ব্যক্তিগত তথ্য ও অ্যাকাডেমিক তথ্য দেবার পর COURSE Application page নির্দেশ করবে। সেখানে নিজের আবেদনের বিষয় পছন্দ করতে হবে।

ঠ) প্রথম দুটি বিষয়ের (একটি অনার্স কোর্স ও পাস কোর্সের জন্য বা দুটি অনার্সের বিষয়) জন্য আবেদন পত্রের ফি ৩০০/-(তিন শত) টাকা। অতিরিক্ত বিষয়ের জন্য আবেদন করা যাবে, সেক্ষেত্রে প্রতিটি আলাদা বিষয়ের জন্য ১০০/- টাকা করে দিতে হবে। (কেউ একটি বিষয়ে আবেদন করলে তাকে ৩০০/- টাকা দিতে হবে। আবার কেউ তিনটি বিষয়ে আবেদন করলে তাকে ৪০০/- (চার শত) [৩০০+১০০] টাকা দিতে হবে।)

ড) বিষয়ের আবেদন হবার পর টাকা Online-এ পেমেন্ট করতে হবে। কোনোরকমভাবে OffLine-এ পেমেন্ট করা যাবে না।

ঢ) পেমেন্ট Successful হলেই আবেদনের প্রক্রিয়া সম্পন্ন হবে।

ণ) আবেদন প্রক্রিয়া সম্পন্ন হবার পর প্রতিটি বিষয়ের জন্য Provisional Merit List প্রকাশিত হবে। Final Merit List প্রকাশিত হবে Merit Point উপর ভিত্তি করে।

ত) Final Merit List প্রকাশিত হবার আগে পর্যন্ত আবেদনকারী তার উচ্চমাধ্যমিকের দেওয়া নম্বরে কোনো ভুল থাকলে সংশোধন/ Edit করতে পারবে। Final Merit List প্রকাশিত হবার পর কোনোরকম সংশোধন করা যাবে না। নম্বর বা ঐ জাতীয় কোনো ভুল থাকলে আবেদন পত্র বাতিল বলে গন্য করা হবে।

থ) মেধা তালিকা প্রকাশের পর আবেদনকারীকে Pre Counselling Willingness জানাতে হবে নির্দিষ্ট সময়ের মধ্যে। আবেদনকারীকে তার আবেদনের বিষয়গুলিতে অবশ্যই Willingness জানাতে হবে। Willingness জানাতে ব্যর্থ হলেই প্রার্থী ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হবে।

দ) Pre Counselling Willingness না জানালে এবং এই প্রক্রিয়া শেষ হবার পর এই সংক্রান্ত কোনোরকম আবেদন বা জিজ্ঞাসার উত্তর দিতে কলেজ কর্তৃপক্ষ বাধ্য থাকবে না।

ধ) Pre Counselling Willingness নেবার পর Online Counselling পদ্ধতি শুরু হবে। প্রতিটি Slot-এ সুযোগ পাওয়া প্রার্থীর বিষয়ভিত্তিক নাম কলেজের ওয়েবসাইটে দিয়ে দেওয়া হবে। Willingness জানানো আবেদনকারীদের অনুরোধ করা হচ্ছে যে ভর্তি প্রক্রিয়া চলাকালীন তারা যেন প্রতিনিয়ত কলেজের ওয়েবসাইটে নজর রাখে।

ন) ভর্তির জন্য সুযোগ পাওয়া প্রার্থীরা নির্দিষ্ট অ্যাডমিশন ফি Online-এ জমা করবে।

প) কলেজে ভর্তির পর অ্যাডমিশন ক্যানসেল করতে হলে ক্যানসিলেসন ফিজ হিসেবে ১০০/- (একশত) টাকা জমা করতে হবে।

৪। ভর্তি হবার পর নির্ধারিত দিনে কলেজে এসে **সমস্ত প্রকার আসল তথ্য (ডকুমেন্ট) দাখিল করতে** হবে। ভেরিফিকেশনের সময় নিচের তথ্যগুলি জমা দিতে হবে (দুটি সেট) :

ক) পূরণ করা **ডাউনলোড ফর্মের কপি,**

এবং আপন প্রত্যয়িত নকল (সেল্ফ অ্যাটেসটেড জেরক্সকপি) দিতে হবে

খ) উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশীট,

গ) মাধ্যমিকের অ্যাডমিট

ঘ) কাস্ট সার্টিফিকেট (যদি থাকে),

ঙ) শারীরিক অক্ষমতার সার্টিফিকেট (যদি থাকে),

চ) স্কুল লিভিং সার্টিফিকেট,

ছ) মাইগ্রেশন সার্টিফিকেট (যেখানে প্রযোজ্য)।

উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষার আসল মার্কশীট ল্যামিনেশন করা থাকলে তা কেটে আনতে হবে।

** তপশিলী জাতি / উপজাতি প্রার্থীদের নিজস্ব শংসাপত্র (সার্টিফিকেট) না থাকলে বাবার শংসাপত্র দেখালে হবে। সেক্ষেত্রে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড অবশ্যই আনতে হবে।অথবা সাংসদ/ বিধায়ক/ জেলা পরিষদ/ পঞ্চায়েত সমিতি/ গ্রাম পঞ্চায়েত/ পৌরসভার নির্বাচিত জন প্রতিনিধির দেওয়া শংসাপত্র দিলেও হবে। তবে এরূপ শংসাপত্র শুধুমাত্র ভর্তির জন্য গ্রাহ্য হবে।

৫। আরবি ও কম্পিউটার সায়েন্স অনার্সে ও বি.সি.এ তে তপশিলী জাতি/উপজাতি প্রার্থী না পেলে জেনারেল থেকে ভর্তি নেওয়া হবে। অন্য কোনো বিষয়ের ক্ষেত্রে এই নিয়ম কার্যকরী হবে না।

৬। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে নতুন ক্লাস শুরু হবার পর যদি কোনো ছাত্রছাত্রী প্রথম ১৫ দিনে ক্লাসে ৭৫% উপস্থিতি না থাকলে নাম বাতিল গন্য করা হবে। এই আসনগুলি দ্বিতীয় ই-কাউন্সেলিং-এ পূর্ণ করা হবে কলেজ ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে।

৭। কলেজে ৪টি ছাত্রাবাস (হোস্টেল) আছে। দুটি সকল ছাত্রের জন্য ও একটি শুধুমাত্র তপশিলী জাতি ও তপশিলী উপজাতির ছাত্রদের জন্য। ছাত্রীদের জন্য একটি ছাত্রীনিবাস আছে।

৮। যে কোনো ভর্তিই অস্থায়ী (Provisional) বিবেচিত হবে।

৯। ছাত্রছাত্রীদের র‍্যাগিং-এর ক্ষেত্রে কলেজের অ্যান্টির‍্যাগিং সেল অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমরা সর্বদাই র‍্যাগিং থেকে বিরত থাকতে চাই। প্রত্যেক ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের জানানো হচ্ছে, ভর্তি প্রক্রিয়ার পর বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (UGC) -এর ওয়েবসাইটে সুপ্রিম কোর্টের নির্দেশে দেওয়া Online Anti Ragging Undertaking ফর্ম ফিলাপ আবশ্যক। কীভাবে তা করতে হবে তার নির্দেশিকা UGC -এর ওয়েবসাইটেই দেওয়া আছে।

১০। লিখিত প্রয়োজনীয় অনুমতি ব্যতিরেকে কলেজের যে কোনো পরীক্ষায় অনুপস্থিত থাকা বিধিলঙ্ঘন বলে গণ্য হবে ও তার জন্য কলেজ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

১১। কলেজের প্রত্যেক ছাত্রছাত্রীর প্রতিনিয়ত ও যথাসময়ে কলেজে উপস্থিত অবশ্য জরুরী।

১২। একজন ছাত্র বা ছাত্রীর কলেজে ন্যূনতম ৭৫% উপস্থিতি থাকা বাধ্যতামূলক। কিন্তু ৬০% পর্যন্ত উপস্থিতি থাকলে Non- collegiate হবে। সেক্ষেত্রে নির্দিষ্ট পরিমান Non- collegiate fees জমা করলে ঐ ছাত্র বা ছাত্রী পরীক্ষার জন্য ছাড়পত্র পাবে।

১৩। প্রত্যেক ছাত্রছাত্রী নিজেদের ক্লাসে নির্দিষ্ট সময়ে যাবে অন্যদের ক্লাসের কোনোরকম অসুবিধা সৃষ্টি না করে।

১৪। কোনো ছাত্র বা ছাত্রীর অযথা করিডোরে ঘোরাঘুরি করা অনাবশ্যক।

১৫। কোনো ছাত্র বা ছাত্রীর কুরুচিপূর্ণ বা অনৈতিক কোনো ক্রিয়াকলাপ বরদাস্ত করা হবে না।

১৬। ছাত্রছাত্রীরা কলেজ প্রাঙ্গণের ভেতরে বা বাইরে অবশ্যই বিধি ও শৃঙ্খলা বজায় রাখবে। এর অন্যথা হলে তা শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হবে।

১৭। কলেজ ভবন (বিল্ডিং) ও বেঞ্চে কিছু লেখা ও ক্ষতি করা এবং অযথা কলেজ প্রাঙ্গণে ঘোরাঘুরি নিন্দনীয় ও শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হবে।

১৮। প্রতিনিয়ত কলেজের নোটিস বোর্ড বা কলেজের ওয়েবসাইটের নোটিস অংশ দেখতে হবে গুরুত্বপূর্ণ ঘোষণা সমূহের জন্য।

১৯। কলেজ প্রাঙ্গণের মধ্যে সর্বদা আইডেনটিটি কার্ড গলায় রাখতে হবে। আইডেনটিটি কার্ড ছাড়া কলেজে প্রবেশ করা যাবে না।

২০। ছাত্রছাত্রীরা কোনো বহিরাগত কাউকে বা কোনো ছাত্র সংগঠনের সদস্যকে অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষের অনুমতি ব্যতিরেকে কলেজ প্রাঙ্গণে আনতে পারবে না।

২১। কলেজ প্রাঙ্গণের প্রবেশ পথ বা অন্যত্র কোনো স্থানে অযথা জটলা করে অন্যান্যদের যাতায়াতের অসুবিধা সৃষ্টি করবে না।

২২। কলেজ প্রাঙ্গণের পরিচ্ছন্নতার জন্য ছাত্রছাত্রীদের সহায়তা একান্তভাবে কাম্য।

২৩। ছাত্রছাত্রীরা র‍্যাগিংকে প্রশ্রয় দেবে না। এটি কঠোর শাস্তিযোগ্য অপরাধ।

২৪। কলেজে ভর্তির পর কলেজ ছাত্রের প্রমাণস্বরূপ অধ্যক্ষের স্বাক্ষর করা আইডেনটিটি কার্ড পাবে। প্রত্যহ কলেজে আসার সময় তা সঙ্গে রাখতে হবে ও প্রয়োজনে তা দেখাতে হবে। আইডেনটিটি কার্ড হারিয়ে গেলে তৎক্ষণাৎ কলেজের অফিসে লিখিতভাবে জানাতে হবে ও প্রয়োজনীয় ফী দিয়ে পুনরায় তা সংগ্রহ করতে হবে।

২৫। কলেজ থেকে ট্রান্সফার বা অন্য কোনো কারণে কলেজ ছেড়ে দিলে আইডেনটিটি কার্ড কলেজ অফিসে ফেরত দিতে হবে।

কলেজের বিভাগীয় অধ্যাপক-অধ্যাপিকাগণ সম্পর্কে বিশদ জানতে কলেজের ওয়েবসাইটের ছবির উপরে দেওয়া Faculty আইকনে ক্লিক করতে হবে।

****

CORRIGENDUM

As per G.O. No. 3058-BCW/MR-94/11 Dated on- 16th September, 2014 from Certificate issuing authorities in respect to admission to different educational institutions, Only Sub –Divisional Officers for all districts except Kolkata are the certificate issuing authority for admission to all courses above Class- VIII.